তারিখ 24 MAY 2003
পৃষ্ঠা ৭ কলাম ৪

যুগান্তর

# সিলেটে মাদ্রাসার টাকা লুটে নিতে মাদ্রাসা প্রিন্সিপালের জালিয়াতি

সিলেট ব্যুরো

সিলেটের কানাইঘাটে এক মাদ্রাসার নামে সরকারি বরাদ্দের টাকা অন্য মাদ্রাসার প্রিন্সিপাল কর্তৃক জালিয়াতির মাধ্যমে আত্মসাতের চাঞ্চল্যকর তথ্য পাওয়া গেছে। এ নিয়ে কানাইঘাটে তোলপাড় হচ্ছে।

গত ২০ মে কানাইঘাট মনসুরিয়া মাদ্রাসার প্রিন্সিপাল আতাউর রহমান কানাইঘাট দারুল উলুম মাদ্রাসার নামে শিক্ষা মন্ত্রণালয়ের প্রকৌশল অধিদফতরের প্রধান প্রকৌশলীর বিশেষ বরাদ্দের ৫০ হাজার টাকা জালিয়াতির মাধ্যমে মনসুরিয়া মাদ্রাসার ফান্ডে স্থানান্তর করার চক্রান্ত করেন। এ সময় কানাইঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের অফিস সহকারী শফিকুল হকের সহযোগিতায় বরাদ্দের কাগজপত্রে দারুল উলুম মাদ্রাসার নাম কেটে মনসুরিয়া মাদ্রাসার নাম সংযোজন করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা আবদুল হান্নানের হাতে কাগজপত্র পৌঁছলে তার সন্দেহ হয়।